

গঙ্গা সিন্ধু নর্মদা কাবেরী যমুনা ঐ
বহিয়া চলেছে আগের মতন-
কই রে আগের মানুষ কই ॥
মৌনী স্তম্ভ সে হিমালয়
তেমনি অতল মহিমায়,
নাহি তার সাথে সেই ধ্যানী ঋষি,
আমরাও আর সে-জাতি নই ॥
আছে আকাশ-সে ইন্দ্র নাই,
কৈলাসে সে যোগীন্দ্র নাই,
অন্নদা-সুত ভিক্ষা চাই
কি কহিব এরে কপাল বই ॥
সেই আশ্রা, সেই দিল্লী ভাই,
অছে পড়ে, সে বাদশা নাই,
নাই কোহিনূর ময়ূর-তথুত
নাই সে বাহিনী বিশ্বজয়ী ॥
আমরা জানি ন, জানে না কেউ-
কূলে বসে কত গণিব চেউ,
দেখিয়াছি কত, দেখিব এও,
নিঠুর বিধির লীলা কতই ॥